

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২২৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৫৭]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এক কাপড় দিয়ে সমস্ত শরীর ঢেকে নামায পড়া

بَابِ الصَّلَاةِ فِي الثَّوْبِ الْوَاحِدِ مُلْتَحِفًا بِهِ

আরবী

_عن أُمَّ هَانِئٍ بِنْتَ أَبِي طَالِبِ تَقُولُ ذَهَبْتُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ الْفَتْحِ فَوَجَدْتُهُ يَغْتَسِلُ وَفَاطِمَةُ ابْنَتُهُ تَسْتُرُهُ قَالَتْ فَسَلَّمْتُ عَلَيْهِ فَقَالَ مَنْ هَذِهِ فَقُلْتُ أَنَا أُمُّ هَانِئٍ بِنْتُ أَبِي طَالِبٍ فَقَالَ مَرْحَبًا بِأُمِّ هَانِئٍ فَلَمَّا فَرَغَ مِنْ غُسْلِهِ قَامَ فَصَلَّى ثَمَانِيَ أُمُّ هَانِئٍ بِنْتُ أَبِي طَالِبٍ فَقَالَ مَرْحَبًا بِأُمِّ هَانِئٍ فَلَمَّا فَرَغَ مِنْ غُسْلِهِ قَامَ فَصَلَّى ثَمَانِي رَكَعَاتٍ مُلْتَحِفًا فِي ثَوْبٍ وَاحِدٍ فَلَمَّا انْصَرَفَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ زَعَمَ ابْنُ أُمِّي أَنَّهُ قَاتِلُ رَجُلًا قَدْ أَجَرْتُهُ فُلَانَ ابْنَ هُبَيْرَةً فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أَجَرْنَا مَنْ أَجَرْتِ يَا أُمَّ هَانِئٍ قَالَتُ أُمُّ هَانِئٍ وَذَاكَ ضَحًى

বাংলা

২২৮) উদ্মে হানী বিনতে আবু তালেব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলতেনঃ মক্কা বিজয়ের বছর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট গিয়ে দেখলাম, তিনি গোসল করছেন আর ফাতেমা (রাঃ) তাঁকে পর্দা করে আছেন। তিনি বললেনঃ আগমণকারী মহিলাটি কে? আমি বললামঃ উদ্মে হানী বিনতে আবু তালেব। তিনি বললেনঃ উদ্মে হানীকে স্বাগতম জানাই। উদ্মে হানী বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গোসল শেষ করে একটি মাত্র কাপড়ে সমস্ত শরীর ঢেকে আট রাকআাত নামায আদায় করলেন। নামায শেষে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্জেস করলামঃ হে আল্লাহর রাসূল! আমার ভাই (আলী বিন আবু তালেব) এমন একজন ব্যক্তিকে হত্যা করতে চায়, যাকে আমি আশ্রয় দিয়েছি। সে হল হুবায়রার অমুক পুত্র। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ হে উদ্মে হানী! তুমি যাকে আশ্রয় দিয়েছ, আমরাও তাকে আশ্রয় দিলাম। উদ্মে হানি বলেনঃ সেটি ছিল দুপুরের সময়।

টিকাঃ কেউ কেউ উক্ত নামাযকে চাশ্তের নামায বলে মন্তব্য করেছেন। তবে নিয়মিত চাশতের নামায পড়া সত্ত্বেও ৮ রাকআতের উল্লেখ শুধু উক্ত দিবসের ক্ষেত্রে সীমাবদ্ধ থাকায় আলেমদের শক্তিশালী মত রয়েছে। এটি চাশতের নামায ছিলনা। বরং তা ছিল হয় শুকরানার নামায না হয় তাহাজ্জুদের কাযা নামায। সুস্পষ্ট ও সুসাব্যস্ত বর্ণনা মোতাবেক চাশতের নামাযের রাকআত সংখ্যা দুই থেকে চার। অন্যান্য সংখ্যা সম্বলিত বর্ণনাগুলো হয় অসাব্যস্ত আর না হয় অস্পষ্ট।



English

To offer As-Salat (the prayers) with a single garment wrapped round the body

Narrated Abu Murra:

(the freed slave of Um Hani) Um Hani, the daughter of Abi Talib said, "I went to Allah's Messenger () in the year of the conquest of Mecca and found him taking a bath and his daughter Fatima was screening him. I greeted him. He asked, 'Who is she?' I replied, 'I am Um Hani bint Abi Talib.' He said, 'Welcome! O Um Hani.' When he finished his bath he stood up and prayed eight rak at while wearing a single garment wrapped round his body and when he finished I said, 'O Allah's Messenger ()! My brother has told me that he will kill a person whom I gave shelter and that person is so and so the son of Hubaira.' The Prophet () said, 'We shelter the person whom you have sheltered.' "Um Hani added, "And that was before noon (Duha).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবৃ তালিব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন